

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.৩৪

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭

০৮ মার্চ ২০২১

বিষয়: ঢাকা মহানগরীসহ ৬ টি বিভাগে ১১ টি উচ্চ মাধ্যমিক মডেল বিদ্যালয় (বেসরকারি) স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত মডেল স্কুল এন্ড কলেজে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত এবং মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন **Remainder** এর আদেশ অনুযায়ী ০৪ (চার) জন প্রভাষক পদে নিয়োগ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীসহ ৬ টি বিভাগে ১১ টি উচ্চ মাধ্যমিক মডেল বিদ্যালয় (বেসরকারি) স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত মডেল স্কুল এন্ড কলেজে দীর্ঘ দিন যাবৎ নিয়োগ না পেয়ে ৪(চার) জন প্রভাষক মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৫০৬/২০১০ দায়ের করেন। মহামান্য আদালত গত ০৩.১০.২০১৩খ্রি. তারিখে আবেদনকারীদের পক্ষে রায় প্রদান করেন। রায় নিম্নরূপ:

The respondents concerned are hereby directed to take necessary steps following the directions so have been given by the Appellate Division in connection with Civil Petition for Leave to Appeal No. 387 of 2010 (as quoted above) within a period of 60 (sixty) days in respect of the petitioners from the date of receipt of the copy of the judgment and order.

রায় পূর্ণাঙ্গ বাস্তবায়ন না হওয়ায় তারা ক্ষুদ্ধ হয়ে কনটেম্পট পিটিশন ৩৫১/২০১৬ দায়ের করেন। পরবর্তীতে সরকার পক্ষ সুপ্রীম কোর্টে আপীল করে উক্ত আপীল ০৮.০৩.২০২০খ্রি. তারিখ খারিজ করে প্রার্থীদের পক্ষে রায় প্রদান করেন। রায় নিম্নরূপ:

The leave petition is out of time by 1202 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to Appeal is dismissed as barred by limitation.

মহামান্য হাইকোর্ট বিভাগ আপীল খারিজ হওয়ার পর রায় বাস্তবায়ন না হওয়ায় ১৯.১১.২০২০খ্রি. তারিখে নিয়োগদানের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগ কনটেম্পট মামলা সাত কর্মদিবসের সময় দিয়ে **Remainder** আদেশ দেন। আদেশ নিম্নরূপ:

Accordingly, we direct the contemnor-respondent to implement the aforesaid judgment and order dated 03.10.2013 passed by the High Court Division in Writ Petition No. 506 of within 7 (Seven) days from the date of receipt of this order without any fail.

গত ১০.১২.২০১৭খ্রি. তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা হয়। উক্ত সভার ৬.১ সিদ্ধান্তের আলোকে “মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায় বাস্তবায়নের লক্ষ্যে সরকারি বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে রিটকারীদেরকে

যথাযথ পদে নিয়োগপূর্বক পদায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে”। উক্ত সিদ্ধান্তের আলোকে সকল রিট আবেদনকারীকে নিয়োগ দেয়া হয়। কিন্তু ৪ (চার) জন পিটিশন নং-৫০৬/২০১০ দেরকে নিয়োগ দেয়া হয়নি।

০৪ (চার) জন প্রার্থীর তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	প্রার্থীর নাম	পদবি	বিষয়	বর্তমান ও স্থায়ী ঠিকানা
১.	জনাব মো: জায়দুল ইসলাম	প্রভাষক	রাষ্ট্রবিজ্ঞান	পিতা: মো: মনছের আলী খান গ্রাম-নতুন ভাঙ্গাবাড়ী ডাক-সিরাজগঞ্জ থানা-সিরাজগঞ্জ জেলা-সিরাজগঞ্জ
২.	জনাব মো: নাজমুল হক	প্রভাষক	উদ্ভিদ বিজ্ঞান	পিতা: মো: এরশাদ হোসেন গ্রাম-জালশুকা ডাক-ডিগ্গেদহ থানা-চুয়াডাঙ্গা জেলা- চুয়াডাঙ্গা
৩.	জনাব মো: আলতাফ হোসেন	প্রভাষক	আরবি	পিতা: মো: বাবর আলী গ্রাম-বুহলী ডাক-দরগ্রাম থানা-সাটুরিয়া জেলা- মানিকগঞ্জ
৪.	জনাব মো: সোহেল রানা	প্রভাষক	হিসাববিজ্ঞান	পিতা: মো: রবিউল করিম ভুইয়া গ্রাম-রায়পুর পশ্চিমপাড়া ডাক-রায়পুর থানা-সদর জেলা- সিরাজগঞ্জ

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং মহামান্য হাইকোর্টের কনটেন্ট পিটিশন **Remainder** এর আদেশের আলোকে উপরে ছকে বর্ণিত ০৪ (চার) জন প্রভাষকে নিয়োগ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।



৮-৩-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

ইমেইল: salimsikder20@yahoo.com

m

অতিরিক্ত সচিব

মাধ্যমিক-১ অনুবিভাগ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.৩৪/১(৬)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৭

০৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৮-৩-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব